

আল-হাক্বাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ৪৫

আরবি মূল আয়াত:

لَا خِزْيَ لَهُ بِالْيَمِينِ ﴿٤٥﴾

অনুবাদসমূহ:

তবে আমি তার ডান হাত পাকড়াও করতাম। — আল-বায়ান

আমি অবশ্যই তার ডান হাত ধরে তাকে পাকড়াও করতাম, — তাইসিরুল

আমি অবশ্যই তার ডান হাত ধরে ফেলতাম। — মুজিবুর রহমান

We would have seized him by the right hand; — Sahih International

৪৫. তবে অবশ্যই আমরা তাকে পাকড়াও করতাম ডান হাত দিয়ে(১),

(১) উপরোক্ত অর্থ অনুসারে এটি সিফাতের আয়াত। অর্থাৎ এর মাধ্যমে আল্লাহর ডান হাত সাব্যস্ত হচ্ছে। [ইবন তাইমিয়াহ, বায়ানু তালবীসুল জাহমিয়াহ ৩/৩৩৮] আয়াতের অন্য অর্থ হচ্ছে, আমরা তার ডান হাত পাকড়াও করতাম। উভয় অর্থই ইবন কাসীর উল্লেখ করেছেন। এ অর্থটি এদিক দিয়ে শুদ্ধ যে, সাধারণত কাউকে অপমান করতে হলে তার ডান হাত ধরে তার উপর আক্রমণ করা হয়। [ইবন তাইমিয়াহ, আননুবুওয়াত: ২/৮৯৮] অপর অর্থ হচ্ছে, তাকে আমরা আমাদের ক্ষমতা দ্বারা পাকড়াও করতাম। [সাদী; জালালাইন; আরো দেখুন, ইবন তাইমিয়াহ, আস-সারেমুল মোসলুল আলা শাতিমির রাসূল: ১৭] এটি শুদ্ধ হলেও আল্লাহর হাত অস্বীকার করার কোন উপায় নেই। যা অন্যান্য আয়াত ও হাদীস দ্বারা প্রমাণিত।

তাফসীরে জাকারিয়া

(৪৫) তবে অবশ্যই আমি তার ডান হাত ধরে ফেলতাম, [১]

[১] অথবা ডান হাত দ্বারা পাকড়াও করতাম। কেননা, ডান হাত দ্বারা দৃঢ়তার সাথে পাকড়াও করা যায়। অবশ্য আল্লাহর উভয় হাতই ডান হাত; যেমন এ কথা হাদীসে এসেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5368>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন